বাংলাদেশ কৃষি ব্যাংক
লোকাল প্রিন্সিপাল অফিস
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
গণমানুষের ব্যাংক

ফোন ঃ ৯৫৫২৯৯৬, ৯৫৫০৩২৫
E-mail ঃ dgmlpo@krishibank.org.bd
bachbkb@krishibank.org.bd

সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/৪১৭৭ তারিখঃ ২৯.০২.২০২৪ ইং

উপমহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**অতীব গুরুত্বপূর্ণ**

**বিষয়ঃ BACH (BACPS & NIKASH BEFTN) সংশ্লিষ্ট লেনদেন কার্যক্রমে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র কার্যালয়ের পত্র নং সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/২৮৬ এবং তারিখঃ ১৩.০৮.২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপর্যুক্ত বিষয়ে BACH (BACPS & NIKASH BEFTN) লেনদেনের ক্ষেত্রে শাখা পর্যায়ে সতর্কতা অবলম্বন করার জন্য নির্দেশনা প্রদান করা হলেও তা সঠিকভাবে পরিপালন করা হচ্ছে না। যার ফলে কিছু শাখায় অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। **কোন Inward চেক Return করতে হলে তা নির্ধারিত সময় (বর্তমানে নির্ধারিত সময় High Value এর ক্ষেত্রে ২:১৫ মিনিট এবং Regular Value এর ক্ষেত্রে ৩:৪৫ মিনিট) এর মধ্যে Return করতে হয়। অন্যথায় চেকসমূহ অটোমেটিক Honor হয়ে যায় এবং চেক ডেবিট না হওয়া ও অটোমেটিক Honor হওয়ার সম্পূর্ণ দায় দায়িত্ব সংশ্লিষ্ট শাখার। পাশাপাশি আদায়যোগ্য খাত ১৩১/১৫৬ এবং ১৩১/১৫৭ স্থিতি দিন শেষে শূন্য নিশ্চিত পূর্বক Day End কার্যক্রম চালানোর নির্দেশনা থাকলেও অনেক শাখা তা নিশ্চিত না করে Day End সম্পন্ন করে এমনকি পরদিনও Day Open করার পর সংশ্লিষ্ট খাতসমূহে কোন স্থিতি আছে কিনা তা যাচাই করে দেখেন না।**

০৩। বিকেবি, প্রধান কার্যালয়ের মানি লন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ এর পত্র নং প্রকা/আরএমডি/এএমএল-৪/বাংলাদেশ ব্যাংক/২০২৩-২০২৪/২৮১৫ এবং তারিখঃ ২২.০১.২০২৪ এ BACH (BACPS & NIKASH BEFTN) সংশ্লিষ্ট কার্যসম্পাদনে কোন ধরণের জাল-জালিয়াতির ঘটনা পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে প্রধান কার্যালয়ের মানি লন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগকে STR/SAR আকারে বা লিখিতভাবে অবহিত করার কথা থাকলেও অনেক শাখা তা করছেন না।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা মোতাবেক BACH (BACPS & NIKASH BEFTN) কার্যক্রম সম্পাদনের জন্য সকল শাখাকে পুনঃরায় নির্দেশ দেয়া হলো। উক্ত কার্যক্রমটি সম্পাদনে যে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে বিকেবি, এলপিও BACH Team এর সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হলো (BACH Team এর টিএন্ডটি ও মোবাইল নম্বর সমূহ BACH Software Message Option থেকে পাওয়া যাবে)। **শাখা পর্যায়ের অবহেলার কারণে যদি কোন প্রকার জটিলতা/জাল জালিয়াতির উদ্ভব হয় সেক্ষেত্রে সম্পূর্ণ দায়ভার সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।**

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

২৯-০২-২০২৪

(মোঃ শাহ আলম)
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, আইসিটি মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। **পত্রটি বিকেবি ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।**
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।